বাংলাদেশ জাতীয় সংসদ
"সর্বোচ্চ অগ্রাধিকার"

অতীব জরুরী

# বাংলাদেশ জাতীয় সংসদ

## ২০১৭ সালের ২৭ ফেব্রুয়ারী, সোমবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে মৌখিক উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

* ২০০৬ । জনাব মোঃ শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২) : সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পদ্মা সেতুর নির্মাণ কাজ আগামী কতদিন নাগাদ শেষ হইবে?

* ২০০৭ । জনাব এনামুল হক (রাজশাহী-৪) : সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দূরপাল্লার রুটে বর্তমান বিআরটিসি'র কোনো বাস চালু আছে কিনা; থাকিলে, কোন্ কোন্ রুটে কতটি বাস চলাচল করিয়া থাকে; এবং উক্ত সংখ্যা বাড়াইবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে?

* ২০০৮ । জনাব মোঃ নুরুল ইসলাম ওমর (বগুড়া-৬) : রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারা দেশের রেল লাইনকে ডাবল লাইনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে; এবং বর্তমানে কী পরিমাণ ডাবল লাইন আছে?

EE, Barisal

* ২০০৯ । বেগম নাসরিন জাহান রত্না (বরিশাল-৬) : সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সড়ক পাকাকরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহার হিসাব কী?

EE, Meherpur

* ২০১০ । বেগম সেলিনা আখতার বানু (মহিলা আসন-৭) : সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মেহেরপুর জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সড়ক পাকাকরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহার হিসাব কী?

* ২০১১ । জনাব মোঃ আবুল কালাম (নাটোর-১) : রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা হইতে রাজশাহী এবং সৈয়দপুর পর্যন্ত ডাবল লাইন করিবার কোনো পরিকল্পনা আপনার মন্ত্রণালয়ের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ হইবে?

EE, Patuakhali

* ২০১২ । জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন (পটুয়াখালী-৩) : সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পটুয়াখালী জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী বিবরণ কী?

EE, Khulna

* ২০১৩ । শেখ মোঃ নুরুল হক (খুলনা-৬) : সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কয়রা-পাইকগাছা তালা উপজেলার গুরুত্বপূর্ণ সড়ক বেতগ্রাম-তালা-পাইকগাছা-কয়রা-কাশিরহাট সড়কটির মোট দৈর্ঘ্য কত; এই সড়কটি কোনো প্রকল্পে অন্তর্ভুক্ত আছে কিনা; না থাকিলে, এই সড়কটিকে আঞ্চলিক মহাসড়কে উন্নীত করিবার জন্য কোনো প্রকল্প গ্রহণ করিবেন কিনা?

* ২০১৪ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) : সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক মহাসড়কে শৃঙ্খলা বজায় রাখিবার লক্ষ্যে সরকার এই পর্যন্ত কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ২০১৫ । জনাব মুহাঃ গোলাম মোস্তফা বিশ্বাস (চাঁপাইনবাবগঞ্জ-২) : রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ গোমস্তাপুর উপজেলার রহনপুর নামক স্থানে রেলবন্দর করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

উল্লেখিত প্রতিবেদন আগামী ২০/০২/১৭....তরিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

19-2-17

* ২০১৬ । জনাব মোঃ শওকত চৌধুরী (নীলফামারী-৪) : সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) সড়ক ও মহাসড়কে এক্সেল লোড পরীক্ষা করিবার কোনো নীতিমালা আছে কিনা;

খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, উহা কী; কার্যকরী আছে কিনা; এবং

গ) "খ"- প্রশ্নের উত্তর হ্যাঁ সূচক হইলে, বিগত এক বছরে কতটি যানবাহনের বিরুদ্ধে কী কী আইনী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; কত টাকা রাজস্ব আয় হইয়াছে?

ACE, BMW SE, P&P Economic Circle

* ২০১৭ । জনাব মোঃ আব্দুল মতিন (মৌলভীবাজার-২) : সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) চলতি অর্থ বছরে সড়ক, জনপথ ও সেতু নির্মাণের জন্য বিদেশ হইতে কোনো ঋণ/সাহায্য পাওয়া গিয়াছে কিনা;

খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, পরিমাণসহ দাতা দেশসমূহের নাম কী; এবং

গ) প্রাপ্ত ঋণ/সাহায্যে কী কী প্রকল্প বাস্তবায়িত হইয়াছে; কত টাকা ব্যয় হইয়াছে; কী কী প্রকল্প বাস্তবায়নাধীন; তাহাতে ব্যয় বরাদ্দ কত?

* ২০১৮ । জনাব নুরুল ইসলাম মিলন (কুমিল্লা-৮) : বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে কী কী পাটজাত পণ্য উৎপাদন হয়; উক্ত পণ্য বিদেশে রপ্তানি করা হয় কিনা; হইলে, কোন্ কোন্ দেশে করা হয়?

* ২০১৯ । বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র্য বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে রাজশাহী জেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত; বর্তমান অর্থ বছরে ঋণ দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ২০২০ । জনাব মোহাম্মদ ইলিয়াছ (কক্সবাজার-১) : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কক্সবাজার জেলার চকরিয়া ও পেকুয়া উপজেলায় মহিলাদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উহা কী?

EE, Panchagarh

* ২০২১ । জনাব মোঃ নুরুল ইসলাম সুজন (পঞ্চগড়-২) : সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২ পঞ্চগড় শহরের উপর করতোয়া নদীর উপর সেতু নির্মাণের কোনো পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা?

EE, Laxmipur

* ২০২২ । জনাব মোহাম্মদ নোমান (লক্ষীপুর-২) : সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে লক্ষীপুর জেলায় কোনো সড়ক নির্মাণের লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছেন কিনা; করিলে, উহা কী?

* ২০২৩ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) : বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাট উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের কোনো সহায়তা করা হয় কিনা; হইলে, উহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ২০২৪ । জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী (চট্টগ্রাম-১৬) : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার অসহায় মহিলাদের মধ্যে আত্ম-কর্মসংস্থানমূলক কাজে কোনো অর্থ সাহায্য দেওয়া হইয়াছে কিনা; হইলে, উহার হিসাব কী; না হইলে, কারণ কী?

* ২০২৫ । আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ রহমত আলী (গাজীপুর-৩) : বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশের উৎপাদিত পাট বহিঃ বিশ্বের কোন্ কোন্ দেশে রপ্তানি করা হয়; এবং বিগত বছরে বিদেশে পাট রপ্তানির পরিমাণ কত?

“হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।”

* ২০২৬ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলার অসহায় মহিলাদের মধ্যে আত্ম-কর্মসংস্থানমূলক কোনো অর্থ সাহায্য দেওয়া হইয়াছে কিনা; হইলে, উহার হিসাব কী; না হইলে, কারণ কী?

EE, Noakhali

*২০২৭ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলায় সড়ক ও জনপথ বিভাগের আওতাধীন সড়কের অংশসমূহ সংস্কার করিবার লক্ষ্যে কোনো অর্থ বরাদ্দের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

খ) "ক"- প্রশ্নের উত্তর হ্যাঁ সূচক হইলে, উহা কী?

EE, Manikganj

*২০২৮ । জনাব এম এ মালেক (ঢাকা-২০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ধামরাই উপজেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কী; না থাকিলে, কারণ কী?

EE, Khulna

*২০২৯ । জনাব এস. এম. মোস্তফা রশিদী (খুলনা-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, খুলনা জেলার রূপসা উপজেলার সেনেরবাজারের সহিত বিভাগীয় শহর খুলনার সরাসরি সড়ক যোগাযোগ ব্যবস্থা স্থাপনের লক্ষ্যে ভৈরব নদীর উপর একটি ব্রীজ নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা; হইলে, চলতি বছরে উহার প্রাথমিক কার্যক্রম শুরু করা হইবে কিনা?

* ২০৩০ । দিলারা বেগম (মহিলা আসন-২০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, দেশে শহরাঞ্চলে বসবাসরত ১ থেকে ১৪ বছর বয়সী শিশুদের মধ্যে ৮২ শতাংশই শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার; হ্যাঁ হইলে, নির্যাতিত শিশুদের রক্ষায় সরকার কোনো উদ্যোগ গ্রহণ করিয়াছে কিনা?

* ২০৩১ । খন্দকার আজিজুল হক আরজু (পাবনা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে পাবনা জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ২০৩২ । জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার পাট জাতীয় শিল্পের উন্নয়নের জন্য এই যাবৎ কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ২০৩৩ । মিসেস আমিনা আহমেদ (মহিলা আসন-৩৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, পণ্য পরিবহনে সময় এক-তৃতীয়াংশ কমিলেও রেলপথে কনটেইনার পরিবহন বাড়িতেছে না; উল্টো পণ্য পরিবহন কমিয়া গিয়াছে; উত্তর হ্যাঁ হইলে, কারণ কী?

EE, Naogaon

*২০৩৪ । জনাব সাধন চন্দ্র মজুমদার (নওগাঁ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নওগাঁ জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও সেতু নির্মাণে কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, উহার হিসাব কী?

* ২০৩৫ । জনাব মোঃ সোহরাব উদ্দিন (কিশোরগঞ্জ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ট্রেনের টিকেটিং সিস্টেমে যাত্রীর নাম অর্ন্তভুক্তির জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

EE, Pirojpur

* ২০৩৬ । জনাব মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) বিগত অর্থ বছর দক্ষিণাঞ্চলের ৩টি নির্বাচনী আসনের এলাকার মধ্যে অন্যতম অতি গুরুত্বপূর্ণ একমাত্র সড়ক চরখালীর-তুষখালী-মঠবাড়ীয়া-পাথরঘাটা সড়কটি ১৮ ফুট প্রশস্ত করিয়া নির্মাণের বহুবার প্রতিশ্রুতি দিয়া ডিপিপি তৈরীর পদক্ষেপ নেওয়া হয়। সড়কটি নির্মাণের জন্য অনুমোদন হইয়াছে কিনা;

খ) চলতি অর্থ বছরে উহার কাজ শুরু করিবার যে প্রতিশ্রুতি মহান সংসদে দিয়াছিলেন তাহা রক্ষার্থে আংশিক পর্যায় হইলেও কাজ শুরু করিবেন কিনা?

EE, Kushtia

* ২০৩৭ । জনাব আবদুর রউফ (কুষ্টিয়া-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুষ্টিয়া জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহার হিসাব কী?

* ২০৩৮ । জনাব নাজমুল হক প্রধান (পঞ্চগড়-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে পঞ্চগড় জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ২০৩৯ । বেগম উম্মে রাজিয়া কাজল (মহিলা আসন-৪৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গোপালগঞ্জ জেলায় জাতীয় মহিলা সংস্থার কার্যক্রম সম্প্রসারণ করিবার লক্ষ্যে সরকারের কোনো পরিকল্পনা রহিয়াছে কিনা; দুঃস্থ অসহায় ও ভাগ্য বিড়ম্বিত নারীদের জীবনমান উন্নয়নে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় গোপালগঞ্জ জেলায় এই পর্যন্ত কী কী কার্যক্রম পরিচালনা করিয়াছে?

* ২০৪০ । এডভোকেট নাভানা আক্তার (মহিলা আসন-২৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে শরীয়তপুর জেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; ঋণের পরিমাণ কত; বর্তমান অর্থ বছরে ঋণ দেওয়ার কোনো পরিকল্পনা আছে কিনা; উপজেলাওয়ারী হিসাব কী?

* ২০৪১ । জনাব এ কে এম রহমতুল্লাহ্ (ঢাকা-১১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) বেকার জনগোষ্ঠীর কথা বিবেচনা করিয়া হস্তচালিত তাঁত শিল্পের বিকাশের জন্য হারানো ঐতিহ্য ফিরাইয়া আনিবার লক্ষ্যে সরকার নতুন কোনো পরিকল্পনা গ্রহণ করিবে কিনা; এবং

খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে; না সূচক হইলে, কারণ কী?

EE, Mymensingh

* ২০৪২ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ১৫৪ ময়মনসিংহ-৯, নান্দাইল ও ত্রিশালকে সংযোগকারী বালীপাড়া সেতুটি ব্রহ্মপুত্র নদীর উপর নির্মিত। এই সেতুটিকে বেগম ফজিলাতুন্নেছা মুজিব সেতু নাম করণ করা যায় কিনা; এবং সেতুটির টোল প্লাজা নান্দাইল প্রান্তে স্থাপন করা যায় কিনা?

EE, Kurigram

* ২০৪৩ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রৌমারী-তুরা মহাসড়কে ৩টি ব্রীজসহ রাস্তা নির্মাণের কাজ কবে নাগাদ শেষ হইবে; এবং কবে এটি উদ্বোধন করিবেন?

EE, Sirajganj

* ২০৪৪ । জনাব তানভীর ইমাম (সিরাজগঞ্জ-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে সিরাজগঞ্জ জেলার উপজেলা পর্যায়ে সংযোগ সড়ক (ফিডার সড়ক ও সেতুসহ) নির্মাণ প্রকল্পের আওতায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত; এবং কবে নাগাদ কার্যক্রম আরম্ভ হইবে?

* ২০৪৫ । জনাব আ.ফ.ম বাহাউদ্দিন (নাছিম) (মাদারীপুর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বিআরটিসি'র বহরে নতুন বাস ও ট্রাক যোগ করা হইয়াছে কিনা; এবং হইলে, উহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।



"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

EE, Narsingdi

* ২০৪৬। জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা (নরসিংদী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নরসিংদী জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহার হিসাব কী?

* ২০৪৭ । সৈয়দা সায়রা মহসীন (মৌলভীবাজার-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিলেট-চট্টগ্রাম এর মধ্যে রেল যোগাযোগের উন্নয়নে বর্তমান সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ২০৪৮ । জনাব মোঃ শামসুল হক টুকু (পাবনা-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর উন্নয়নে কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ২০৪৯ । জনাব সামছুল আলম দুদু (জয়পুরহাট-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জয়পুরহাট সদর ও পাঁচবিবি উপজেলার দুইটি রেলওয়ে ষ্টেশনের যাত্রীদের বসিবার স্থান, প্লাটফর্মের দুর্বল অবকাঠামোগত পরিবেশ, নিরাপত্তা জোরদারকরণ ইত্যাদি বিষয় সরেজমিনে তদন্তপূর্বক রেলওয়ে ষ্টেশন দুটির যাত্রীসেবা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন কিনা; করিলে, উহা কী; না করিলে, কারণ কী?

* ২০৫০ । জনাব বজলুল হক হারুন (ঝালকাঠি-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝালকাঠি জেলার রাজাপুর এবং কাঠালিয়া উপজেলার গ্রামীণ দরিদ্র মহিলাদের কর্মসংস্থান এর জন্য কোনো প্রকল্প গ্রহণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, উহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

EE, Pabna

* ২০৫১। জনাব মোঃ মকবুল হোসেন (পাবনা-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ৭০ পাবনা-৩ এর চাটমোহর-পার্শ্বডাঙ্গা-ইছিলপুর-ডেংগার গ্রাম- পাবনা সড়কটি সড়ক ও জনপথ অধিদপ্তরের জেলা সড়ক উন্নয়ন রাজশাহী জোন প্রকল্পের আওতায় বাস্তবায়িত হইয়া অসমাপ্ত অবস্থায় আছে। চিকনাই নদীর উপর ইছিলপুর ঘাটে ব্রীজ নির্মাণসহ উক্ত সড়কের অসমাপ্ত কাজ বর্তমান অর্থ বছরে বাস্তবায়িত হইবে কিনা; না হইলে, কারণ কী?

* ২০৫২ । জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় নোয়াখালী জেলার শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কী?

EE, Khulna

* ২০৫৩। জনাব পঞ্চানন বিশ্বাস (খুলনা-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৬-২০১৭ অর্থ বছরে খুলনা জেলার দাকোপ ও বটিয়াঘাটা উপজেলায় কোনো সড়ক উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উহা কী; এবং কবে নাগাদ উহা বাস্তবায়ন করা হইবে?

SASEC-II

* ২০৫৪। এড্ উম্মে কুলসুম স্মৃতি (মহিলা আসন-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-রংপুর মহাসড়কে ডিভাইডার স্থাপনের কোনো পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা?

* ২০৫৫ । জনাব সামশুল হক চৌধুরী (চট্টগ্রাম-১২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশে নতুন রেললাইন সম্প্রসারণের কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, উহা কী?

EE, Jessore

* ২০৫৬ । জনাব মোঃ মনিরুল ইসলাম (যশোর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে যশোর জেলার চৌগাছা ও ঝিকরগাছা উপজেলায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।



"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

* ২০৫৭ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার দরিদ্র মহিলাদের জন্য একটি সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, উহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ২০৫৮ । বেগম সানজিদা খানম (মহিলা আসন-২৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকারের দ্বিতীয় মেয়াদের এই পর্যন্ত আপনার মন্ত্রণালয় অসহায় মহিলাদের কল্যাণে কী কী বিষয় বাস্তবায়ন করিয়াছে?

* ২০৫৯ । জনাব গোলাম দস্তগীর গাজী (নারায়ণগঞ্জ-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশে পাটের উৎপাদন বৃদ্ধি করিবার লক্ষ্যে কোনো বিশেষ পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, উহা কী; এবং কৃষকদের কোনো সুবিধা প্রদান করা হইবে কিনা; হইলে, উহা কী?

* ২০৬০ । জনাব মোঃ ছলিম উদ্দীন তরফদার (নওগাঁ-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে নওগাঁ জেলার মহাদেবপুর ও বদলগাছী উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উহা কী?

EE, Jhenaidah
* ২০৬১ । জনাব মোঃ নবী নেওয়াজ (ঝিনাইদহ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝিনাইদহ জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী উহা কী?

EE, Kushtia
* ২০৬২ । জনাব মোঃ রেজাউল হক চৌধুরী (কুষ্টিয়া-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুষ্টিয়া জেলার দৌলতপুরে চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কী; না থাকিলে, উহার কারণ কী?

* ২০৬৩ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে ভোলা উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে উপজেলাওয়ারী প্রকল্পগুলির নাম কী?

* ২০৬৪ । জনাব মোহাঃ গোলাম রাব্বানী (চাঁপাইনবাবগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চাঁপাইনবাবগঞ্জ-১ এলাকার মহেষপুর হইতে ঝারতা পর্যন্ত পাকাসড়ক নির্মাণ করা হইবে কিনা?

* ২০৬৫ । জনাব মুহাম্মদ মিজানুর রহমান (খুলনা-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মংলা, বাগেরহাট, বরিশাল অঞ্চলের সাথে বিভাগীয় শহর খুলনা তথা দক্ষিণাঞ্চলের রেল যোগাযোগ স্থাপনের লক্ষ্যে রূপসা নদীর উপর রেল সেতু নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ উহার কার্যক্রম শুরু করা হইবে?

* ২০৬৬ । জনাব শরীফ আহমেদ (ময়মনসিংহ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উহার পরিমাণ কত?

* ২০৬৭ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৯-২০১০ অর্থ বছর হইতে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত বস্ত্রখাতে কী পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জিত হইয়াছে; এবং চলতি অর্থ বছরে উক্ত খাতের লক্ষ্যমাত্রা কত নির্ধারণ করা হইয়াছে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

EE, Barisal



*২০৬৮। জনাব টিপু সুলতান (বরিশাল-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৪ সাল হইতে এই পর্যন্ত বরিশাল জেলায় কোনো সড়ক নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী উহার হিসাব কী?

* ২০৬৯। জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিভিন্ন সংবাদ মাধ্যম হইতে জানা যায় যে, রেল খাতে সরকারের লোকসান অব্যাহত আছে। রেলকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করিতে আপনি কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছেন কিনা; উত্তর হ্যাঁ হইলে, গৃহীত পদক্ষেপগুলি কী কী?

* ২০৭০। জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী (চট্টগ্রাম-১৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার রেলের উন্নতির লক্ষ্যে ব্যাপক পরিকল্পনা গ্রহণ করিয়াছে; তাহার অংশ হিসাবে চট্টগ্রাম জেলায় বিভিন্ন উপজেলায় রেলপথ সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা?

ঢাকা,
৩ ফাল্গুন, ১৪২৩।
১৫ ফেব্রুয়ারী, ২০১৭।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

# বাংলাদেশ জাতীয় সংসদ

## ২০১৭ সালের ২৭ ফেব্রুয়ারী, সোমবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে লিখিত উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

১০৪৭ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুড়িগ্রামের রেললাইনের স্লিপারের ওপর লোহার পাতের পরিবর্তে বাঁশের ফালি লাগানো হইয়াছে। এই ঝুঁকিপূর্ণ কাজের জন্য কারা দায়ী; লালমনিরহাট তিস্তা ষ্টেশন হইতে কুড়িগ্রাম হইয়া চিলমারী রমনা ষ্টেশন পর্যন্ত ৫৭ কিলোমিটার রেললাইন অত্যন্ত ঝুঁকিপূর্ণ। উক্ত রেললাইন সংস্কারের জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করিবেন কী; না করিলে, কারণ কী; করিলে, কবে নাগাদ সংস্কার কাজ শুরু হইবে?

১০৪৮ । বেগম ফজিলাতুন নেসা বাপ্পি (মহিলা আসন-৩০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মাননীয় সংসদ-সদস্যদের অনুকূলের সেলাই মেশিন বরাদ্দের সংখ্যা বৃদ্ধি করা হইবে কিনা; এবং প্রশিক্ষণ প্রদান করা হইবে কিনা?

১০৪৯ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের দুঃস্থ মহিলাদের উন্নয়নের জন্য বর্তমানে কী কী প্রকল্প চালু রহিয়াছে?

ACE, TSW
EE, SRTPP

১০৫০ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, নিরাপদ সড়কের পূর্বশর্ত হইতেছে রোড ডিভাইডার; এবং উত্তর সত্য হইলে, দেশের প্রতিটি সড়ক মহাসড়কে রোড ডিভাইডার স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা?

SE, Maintenance

১০৫১ । জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মেঘনা ও গোমতী (দাউদকান্দি) সেতুর টোল প্রদানের কারণে সারা বৎসর এখানে তীব্র যানজটের সৃষ্টি হয়। আর কত বৎসর আমাদেরকে টোল প্রদান করিতে হইবে?

EE, Feni

১০৫২ । জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নিজ উপজেলা সোনাগাজীতে প্রবেশ করিতে হইলে লালপোল নামক স্থানে মহাসড়ক অতিক্রম করিতে হয়। সোনাগাজীতে কোন সিএনজি পাম্প না থাকায় প্রতিদিন শত শত সিএনজি চালিত বেবিটেক্সি, বাস, ট্রাক ঝুঁকিপূর্ণভাবে মহাসড়ক অতিক্রম করিবার ফলে উক্ত স্থানে প্রায় প্রতিদিন সড়ক দুর্ঘটনা ঘটিয়া থাকে। দুর্ঘটনা রোধকল্পে উক্ত স্থানে একটি ট্রাফিক সিগন্যাল বসাইবার পরিকল্পনা আপনার মন্ত্রণালয়ের আছে কিনা?

EE, Feni

১০৫৩ । জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ফেণী-৩ উপজেলা সোনাগাজীর ডাকবাংলো হইতে কাজীর হাট পর্যন্ত রাস্তাটি চলাচলের অযোগ্য হইয়া পড়িয়াছে। কয়েকটি স্থানে বড় বড় গর্ত আছে। চলতি অর্থ বছরে রাস্তাটি সংস্কারের কোনো পরিকল্পনা আছে কিনা?

১০৫৪ । নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে চাঁদপুর জেলায় রেলওয়ে ষ্টেশনের সংখ্যা কত; উক্ত ষ্টেশনগুলি আধুনিকায়নের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইবে কিনা; হইলে, উহা কি?

১০৫৫ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ভোলা জেলায় চলতি অর্থ বছরে দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় দুঃস্থ মহিলাদের মাঝে ঋণ বিতরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে?



"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

১০৫৬ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সেতু বিভাগের অধীনে বর্তমানে কয়টি সেতু বাস্তবায়নাধীন রহিয়াছে; এবং এইগুলির অগ্রগতি কতটুকু; আগামীতে কোন্ কোন্ নদীর উপর সেতু নির্মাণ করা হইবে?

EE, Laxmipur

১০৫৭ । জনাব এম, এ, আউয়াল (লক্ষ্মীপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও সেতু নির্মাণের লক্ষ্যে কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, উহার হিসাব কী?

১০৫৮ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেণী-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কী, দেশে বার্ষিক কি পরিমাণ পাট উৎপাদন হয়; এবং উৎপাদিত পাট রপ্তানির বার্ষিক হিসাব কী; গত ৭ বছরের চিত্র প্রদান করিবেন কী?

১০৫৯ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনী-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সরকারি নিয়ন্ত্রণাধীন জুট মিলগুলিকে আধুনিকায়নের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, উহা কী; কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

EE, Narayanganj

১০৬০ । জনাব গোলাম দস্তগীর গাজী (নারায়ণগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারায়ণগঞ্জ জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী হিসাব কী?

EE, Narayanganj

১০৬১ । জনাব গোলাম দস্তগীর গাজী (নারায়ণগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারায়ণগঞ্জ জেলার সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী হিসাব কী?

EE, Narayanganj

১০৬২ । জনাব গোলাম দস্তগীর গাজী (নারায়ণগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৬-১৭ অর্থ বছরে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলা পর্যায়ে সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উহা কী; এবং কবে নাগাদ উহা বাস্তবায়ন হইবে?

১০৬৩ । বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে রাজশাহী জেলায় রেলওয়ে স্টেশনের সংখ্যা কত; উক্ত স্টেশনগুলি আধুনিকায়নের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইবে কিনা; হইলে, উহা কী?

EE, Rajshahi

১০৬৪ । বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজশাহী জেলায় চলতি অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী উহার হিসাব কী?

SE, Monitoring

১০৬৫ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত ৭ বছরে সরকার জনস্বার্থে সড়ক, সেতু নির্মাণে উল্লেখযোগ্য কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

১০৬৬ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যানজট নিরসনকল্পে রাজধানী ঢাকার চতুর্দিকে বৃত্তাকার রেলপথ নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কী; এবং কবে নাগাদ উহার কাজ শুরু হইবে?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

১০৬৭ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা চট্টগ্রাম ও সন্দ্বীপ উপজেলায় অসহায় মহিলাদের মধ্যে আত্ম-কর্মসংস্থানমূলক কোনো কাজে অর্থ সাহায্য দেওয়া হইয়াছে কিনা; হইলে, উহার হিসাব কী; না হইলে, উহার কারণ কি?

১০৬৮ । জনাব মোঃ নুরুল ইসলাম ওমর (বগুড়া-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বগুড়া জেলার অসহায় মহিলাদের মধ্যে আত্ম-কর্মসংস্থানমূলক কোনো কাজে অর্থ সাহায্য দেওয়া হইয়াছে কিনা; হইলে, উহার হিসাব কি; না হইলে, উহার কারণ কী?

EE, Bogra ১০৬৯ । জনাব মোঃ নুরুল ইসলাম ওমর (বগুড়া-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বগুড়া জেলার আওতাধীন সড়ক সংস্কার করিবার লক্ষ্যে চলতি অর্থ বছরে কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, উহার হিসাব কী?

EE, Bogra ১০৭০ । জনাব মোঃ নুরুল ইসলাম ওমর (বগুড়া-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বগুড়া জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও সেতু নির্মাণের লক্ষ্যে কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, উহার হিসাব কী?

EE, Rangpur ১০৭১ । জনাব আবুল কালাম মোঃ আহসানুল হক্ চৌধুরী (রংপুর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রংপুর-২ এলাকার বদরগঞ্জ, উপজেলার কুতুবপুর ইউনিয়ন একটি জনবহুল ইউনিয়ন। এই ইউনিয়নের অরুণন্নেছা ঘাট দিয়া প্রতিদিন প্রায় হাজার হাজার লোক নৌকা পাড়ি দিয়া যাতায়াত করে যাহা বিভিন্ন সময় নানা রকমের দুর্ঘটনার শিকার হইতেছে। তাই অরুন্নেছা ঘাটে একটি ১৫০ মিঃ ব্রীজ নির্মাণ অত্যন্ত জরুরী হইয়া পড়িয়াছে। উহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

১০৭২ । জনাব মোঃ মনিরুল ইসলাম (যশোর-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচির অধীনে চলতি অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে যশোর জেলার চৌগাছা ও ঝিকরগাছা উপজেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, উহা কী?

১০৭৩ । জনাব মোঃ মনিরুল ইসলাম (যশোর-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় যশোর জেলার ঝিকরগাছা ও চৌগাছা উপজেলার শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কী?

EE, Rajshahi ১০৭৪ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে রাজশাহী জেলার পবা ও মোহনপুর উপজেলায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কী?

১০৭৫ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচির অধীনে চলতি অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে রাজশাহী জেলার পবা ও মোহনপুর উপজেলায় কোন ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, উহা কি?

EE, Tangail ১০৭৬ । জনাব অনুপম শাহজাহান জয় (টাঙ্গাইল-৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নলুয়া (সখীপুর)- ভাতকুড়া ভায়া বাসাইল জেলা সংযোগ সড়কটি মাত্র ১২ ফুট প্রশস্ত; এই সড়কে ২টি ছোট কিংবা ছোট-বড় ২টি যানবাহন বিপরীত দিক হইতে রেল ক্রস করা খুবই কঠিন; তাই জরুরীভিত্তিতে ন্যূনপক্ষে রাস্তাটি ১৮'-০০" প্রশস্ত হওয়া একান্ত বাঞ্ছনীয়; আপনি সড়কটি পরিদর্শনকালে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় প্রশস্তকরণের নিমিত্তে নির্দেশনা দিয়াছিলেন বাসাইল-ভাতকুড়া জেলা সংযোগ সড়কটি জরুরীভিত্তিতে প্রশস্ত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"